দৈনিক বাংলা

তারিখ 19 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 4

066

# বন্যা ঃ আঞ্চলিক সহযোগিতা ছাড়া পথ নেই—আনিস

(স্টাফ রিপোর্টার)

শিক্ষা, সেচ, পানি উন্নয়ন ও বন্যানিয়ন্ত্রণমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ দ্ব্যর্থহীন কণ্ঠে বলেছেন যে, সাংবাৎসরিক বন্যা সমস্যার স্থায়ী সমাধানের জন্য আঞ্চলিক সহযোগিতা ভিন্ন কোন উপায় নেই। বাংলাদেশ দ্বি-

(শেষ পৃঃ ৮-এর ক: দ্রঃ)

## আনিস

(১-এর পৃঃ পর)

পাক্ষিক সমঝোতার মাধ্যমে আঞ্চলিক সহযোগিতায় পৌঁছতে চায়।

গতকাল সকালে জাতীয় সংসদে প্রেসিডেন্টের ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনাকালে মন্ত্রী বলেন যে, বন্যার সমাধানে আঞ্চলিক সমঝোতা যদি আজই প্রতিষ্ঠিত হয় তাহলেও প্রতিরোধ ব্যবস্থা গড়তে সময় লাগবে। তাই বাংলাদেশকে অভ্যন্তরীণ ব্যবস্থাও জোরদার করতে হবে। অভ্যন্তরীণ ব্যবস্থার মধ্যে গঙ্গা বাঁধ ও ব্রহ্মপুত্রে বাঁধ নির্মাণ উল্লেখযোগ্য।

তিনি বলেন যে, আঞ্চলিক সহযোগিতার ছত্রছায়ায় অববাহিকার অন্তর্ভুক্ত দেশগুলো নেপাল, ভুটান, ভারত, নয়াচীন ও বাংলাদেশের মধ্যে বন্যা নিয়ন্ত্রণ ও নদীর প্রবাহ নিয়ন্ত্রণের জন্য সমঝোতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই প্রেসিডেন্ট এরশাদ উক্ত দেশগুলো সফর করেছেন। এ সফরের পর্যায়ে আগামী ১লা নবেম্বর প্রেসিডেন্ট নয়াচীন সফরে যাবেন।

গঙ্গার পানি বন্টন বৃদ্ধি প্রসঙ্গে মন্ত্রী জানান যে, ভারতের গঙ্গা-ব্রহ্মপুত্র সংযোগ খাল প্রস্তাব ৮৪ সালে বাংলাদেশ প্রত্যাখ্যান করে দেয় তিনটি যুক্তিতে। সেগুলো হল—ভৌগোলিক ও কারিগরিভাবে এ খাল খনন সম্ভব নয়। অপরদিকে খনন হলে গঙ্গা ও ব্রহ্মপুত্র উভয় নদীর পানি প্রবাহ নিয়ন্ত্রণ ভারতের হাতে চলে যাবে।